তারিখ ... 11 MAR 2017
পৃষ্ঠা ১ ... কলাম ৬

দৈনিক
ইত্তেফাক

# ব্যাংকিং স্বাস্থ্য শিক্ষা পাসপোর্ট ভূমি খাতে দুর্নীতি বেশি

## রাজধানীতে মানববন্ধনে দুদক চেয়ারম্যান

■ ইত্তেফাক রিপোর্ট

দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যান ইকবাল মাহমুদ বলেছেন, ব্যাংকিং, স্বাস্থ্য , শিক্ষা , পাসপোর্ট খাতে দুর্নীতির প্রকোপ বেশি। পদ্ধতিগত পরিবর্তন ছাড়া দুর্নীতি নির্মূল কঠিন। দুদক সরকারি সেবা প্রদানের পদ্ধতিগত পরিবর্তনের ওপর গুরুত্বারোপ করে কাজ করে যাচ্ছে। তিনি বলেন, দুর্নীতি কোনো একক দেশের সমস্যা নয়, এটি বৈশ্বিক সমস্যা। এই সমস্যা সমাধানে প্রয়োজন আমাদের সকলের মানসিকতার পরিবর্তন। তবে এ কাজটি খুব সহজ নয়। আমার কাছে মনে হয়েছে প্রবীণদের চেয়ে নবীনদের মানসিকতার পরিবর্তন সহজ। তাই কমিশন তরুণ প্রজন্মের শিক্ষার্থীদের নিয়ে দুর্নীতি প্রতিরোধে রাজপথে নেমেছে।

গতকাল শুক্রবার জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত তরুণ প্রজন্মের শিক্ষার্থীদের সঙ্গে ঘণ্টাব্যাপী 'দুর্নীতির বিরুদ্ধে মানববন্ধন' কর্মসূচিতে অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। গতকাল সকালে কেন্দ্রীয়ভাবে দুদক এ মানববন্ধনের আয়োজন করে। ঢাকা মহানগরের উত্তরা থেকে ফার্মগেট-বাংলামোটর-শাহবাগ-মৎস্যভবন-কাকরাইল মোড়-বিজয়নগর হয়ে প্রেসক্লাব পর্যন্ত বেলা ১০ টা থেকে ১১ টা পর্যন্ত বিভিন্ন পেশা ও শ্রেণির মানুষ এ মানববন্ধনে অংশগ্রহণ করেন। জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধনে দাঁড়িয়েছিলেন, শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ, কমিশনার ড. নাসিরউদ্দীন আহমেদ ও এএফএম আমিনুল ইসলাম, ঢাকার জেলা প্রশাসক সালাহউদ্দীন ও দুদকের উর্ধ্বতন কর্মকর্তারা। এছাড়া দেশের প্রতিটি জেলায় সততা সংঘের সদস্যদের স্বতঃস্ফূর্ত অশংগ্রহণে আড়াই লাখের বেশি মানুষ দেশব্যাপী এ কর্মসূটিতে অংশ নেয়।

দুদক চেয়ারম্যান বলেন, মহান স্বাধীনতার এই মাসে দেশব্যাপী সততা সংঘের সদস্যদের স্বতঃস্ফূর্ত আহ্বানে প্রায় দুই লাখ পঞ্চাশ হাজার শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক, জনপ্রতিনিধি, সাধারণ মানুষ দুর্নীতিবিরোধী মানববন্ধনে রাজপথে নেমে এসেছেন। কোমলমতি শিক্ষার্থীরা এ মানববন্ধনে অংশ নিয়ে দুর্নীতি বিরোধী অবস্থানে সংহতি প্রকাশ করেছে।

পৃষ্ঠা ১৯ কলাম ৬

## ব্যাংকিং স্বাস্থ্য

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষার্থীরা এটা মনে রাখবে। আর আগামী প্রজন্মের মধ্য দিয়েই দুর্নীতি প্রতিরোধ সম্ভব হবে। আগামীতে এই শিক্ষার্থীদের মধ্য থেকে সৎ নেতৃত্ব বেরিয়ে আসবে। তিনি বলেন, দুই থেকে তিন ভাগ জিডিপি নষ্ট হচ্ছে এ দুর্নীতির কারণে। আমরা চাই গোড়া থেকেই দুর্নীতি নির্মূল হোক। তিনি বলেন, ক্ষমতা কিংবা অর্থের জোরে কেউ আইন মানবেন না, সে সংস্কৃতি সাধারণ মানুষের অকুণ্ঠ সমর্থনে আমরা ইতোমধ্যেই ভেঙে দিয়েছি। আমরা কেউ-ই আইনের উর্ধ্বে নই। প্রত্যেককে আইন মানতে হবে। অন্তর্ভুক্তিমূলক উনয়নের জন্য প্রয়োজন দুর্নীতিমুক্ত সমাজব্যবস্থা।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ পরীক্ষার আগে প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় শিক্ষকের অসততাকে দায়ী করে বলেছেন, আমরা এমন একটি পরিবেশের মধ্যে আছি যে আমরা সব খুলে বলতেও পারি না, সহ্যও করতে পারি না। কিন্তু আমরা আর সহ্য করব না। পরীক্ষার সকালে শিক্ষকদের হাতে প্রশ্নপত্র পৌঁছে দেওয়ার পর ফেসবুকে তা ফাঁস হচ্ছে বলে জানান তিনি। তিনি বলেন, এবার প্রশ্ন ফাঁসের কিছু ঘটনা প্রকাশিত হয়েছে। যখন বিভিন্ন জেলায় প্রশ্নপত্র পাঠানো হলো তখন তা ফাঁস হয়নি, শেষরাত বা ভোররাত থেকে প্রশ্ন ফেইসবুকে আসছে। সত্যি কিনা মিথ্যা তা পরের দিনের প্রশ্নের সঙ্গে মেলালেই বুঝতে পারবেন। আমরা দুই ঘণ্টা আগে প্রশ্ন দিতে বাধ্য উল্লেখ করে মন্ত্রী বলেন, এর কারণ গ্রাম অঞ্চলে এই প্রশ্ন নিয়ে যেতে হবে। উপজেলা পর্যায়ে প্রশ্ন রাখতে হয়। তাহলে কে প্রশ্ন বের করে দিচ্ছে? প্রশ্ন রাখেন তিনি। মন্ত্রী বলেন, দুর্নীতি আমার শিক্ষা মন্ত্রণালয়ে হচ্ছে না তা বলছি না সারাদেশজুড়ে এই মন্ত্রণালয়ের কাজ বিস্তৃত। তবে বলতে পারি, মন্ত্রণালয়ের যে পরিধি আছে সেখানে সরাসরি দুর্নীতি হয় না।